চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	**শিক্ষার্থী**	ইস্যুর তারিখ: ৩/৯/১১	নম্বর:	**A-449**
বিষয়:	সুরক্ষাজনিত বদলি		পৃষ্ঠা:	1 এর 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ২০ জানুয়ারি, ২০১১ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-449 কে রহিত করে এর স্থলাভিষিক্ত হয়। পরিবর্তনসমূহ:

- যোগাযোগের তথ্য হালনাগদ করা হয়েছে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান সুরক্ষাজনিত বদলির অনুমোদন প্রক্রিয়ার বিবরণ দেয় যেমন (1) যখন শিক্ষার্থীরা স্কুল সম্পত্তির মধ্যে সহিংস অপরাধের শিকার হয়, এবং (2) যখন শিক্ষার্থীরা স্কুল সম্পত্তির মধ্যে সহিংস অপরাধের শিকার হয়, এবং অন্য পরিস্থিতিতে, যখন স্কুলে কোন শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি তার জন্য অনিরাপদ বলে নির্ধারিত হয়।

I. ভূমিকা

A. এই প্রবিধান শিক্ষার্থীদেরকে সুরক্ষাজনিত বদলির অনুমোদন দেয়া হবে কিনা সেটি নির্ধারণের প্রক্রিয়ার বিবরণ দেয়।

B. <u>কোন শিক্ষার্থীই পিছিয়ে থাকবে না আইনের অধীনে সুরক্ষজনিত বদলি:</u> নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইন অনুযায়ী, যদি কোন শিক্ষার্থী তার স্কুলে বা স্কুল-প্রাঙ্গণে কোন সহিংস অপরাধের শিকার হয় তাহলে তা অবশ্যই স্কুলকে জানাতে হবে এবং সেই শিক্ষার্থীর অন্য কোন নিরাপদ স্কুলে বদলির অধিকার থাকবে। কোন শিক্ষার্থী এই ধরনের বদলির অনুরোধ জানালে যদি নির্ধারিত হয় যে, সে স্কুল প্রঙ্গণে সহিংস অপরাধের শিকার হয়েছে তাহলে তাকে অবশ্যই বদলির অনুমোদন দিতে হবে।

C. <u>অন্য সুরক্ষাজনিত বদলি:</u> কোন শিক্ষার্থী স্কুল-প্রাঙ্গণে সহিংস অপরাধের শিকার না হয়েও অনেক পরিস্থিতে সুরক্ষা বদলির অনুরোধ জানাতে পারে। যদি দেখা যায় স্কুলে শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি নিরাপদ নয়, সেক্ষেত্রে এমন কোন অনুরোধ অনুমোদিত হওয়া উচিত।

II. **<u>সহিংস অপরাধের শিকার এমন শিক্ষার্থীদের জন্য নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইনে সুরক্ষাজনিত বদলি</u>**

A. এই আইনে “সহিংস অপরাধ”-এর সংজ্ঞা নিম্নরুপ:

1. অন্যের উপর কোন গুরুতর শারীরিক আঘাত হানা হয়েছে এমন কোন অপরাধ[1] যা স্টেট পেনাল কোডে সংজ্ঞায়িত আছে(যেমন আঘাত প্রদান, অগ্নিসংযোগ); অথবা

2. এমন কোন যৌন অপরাধ যার সাথে জবরদস্তি সম্পৃক্ত(যেমন ধর্ষণ, পায়ুকামিতা, যৌন হয়রানি); অথবা

3. অন্য যেকোন ধরনের অপরাধ যা পেনাল কোডে মারাত্মক কোন অস্ত্রের ব্যবহারের হুমকি হিশেবে সংজ্ঞায়িত আছে।[2]

B. যদি স্কুল কর্তৃপক্ষের প্রতিনিধিত্বকারী কোন ব্যক্তি জানতে পারেন স্কুল প্রাঙ্গণে কোন শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে, তাহলে চ্যান্সেলরের প্রবিধান A-412 এবং A-443 অনুযায়ী প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই একটি পূর্ণ তদন্ত করে যথাযথ ব্যবস্থা নিতে হবে। এছাড়া, অবশ্যই দ্রুত নিচে উল্লিখিত পদক্ষেপগুলি নিতে হবে।

1. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনাটি এনওয়াইপিডি, ইমারজেন্সি ইনফরমেশন সেন্টার (“ইআইসি”) এবং শিক্ষার্থীর পিতামাতাকে অবহিত করতে হবে।

2. শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার (উপরে উল্লিখিত সংজ্ঞা অনুযায়ী) হয়েছে কিনা সেটি নির্ধারণে, প্রিন্সিপ্যালকে অবশ্যই এনওয়াইপিডি-র সাথে পরামর্শ করতে হবে। এনওয়াইপিডি-র স্কুল সেফটি ডিভিশনের সাথে নিচের প্রক্রিয়াসমূহ প্রতিষ্ঠিত হয়েছে।

a. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি যদি বিশ্বাস করে যে, শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই স্কুল যে প্রিসিঙ্কটে অবস্থিত সেই

---

[1] পেনাল আইন 10.00 (10)-এ সংজ্ঞায়িত “গুরুতর শারীরিক আঘাত” যা এমন একটি “শারীরিক আঘাত যেটি মৃত্যু ঘটাতে পারে অথবা তেমন ঝুঁকি থাকে, অথবা যা মৃত্যুর কারণ হতে পারে অথবা গুরুতর কোন দীর্ঘমেয়াদী শারীরিক অঙ্গের ক্ষতি, স্বাস্থের দীর্ঘমেয়াদী ক্ষতি অথবা শরীরের কোন অঙ্গের ক্ষতি বা সেটিকে বিকল করতে পারে।”

[2] পেনাল আইন 10.00(12)-এ “মারাত্মক অস্ত্র”-কে সংজ্ঞায়িত করা হয়েছে এমন অস্ত্র হিশেবে যা “গুলিভর্তি একটি অস্ত্র এবং যা দিয়ে গুলি করলে মৃত্যু অথবা গুরুতর শারীরিক জখম হতে পারে, অথবা সুইচব্লেড ছুরি, গ্রাভিটি ছুরি, পাইলাম ব্যালিস্টিক ছুরি, মেটাল নাকল্ ছুরি, ড্যাগার, বিলি, ব্ল্যাকজ্যাক, অথবা মেটাল নাকলস্।”

প্রিসিঙ্কটের এনওয়াইপিডি স্কুল সেফটি সারজেন্টের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি সাথে যোগাযোগ করতে হবে। যদি স্কুল সেফটি সারজেন্টকে না পাওয়া যায়, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই প্রিসিঙ্কটের কমান্ডার অথবা সেই দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে যোগাযোগ করতে হবে।

b. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই ঘটনার যেস্কুলে ঘটেছে তার নাম এবং/অথবা ফোন নম্বর, ঘটনার তারিখ, সময়, এবং যেখানে ঘটনাটি ঘটেছে সেই স্থান এবং যে শিক্ষার্থী অপরাধের শিকার তার নামও জানাতে হবে।.

c. স্কুলের অনুসন্ধানের এক স্কুল দিনের মধ্যে, এনওয়াইপিডি মৌখিকভাবে নিশ্চিত করবে উপরে উল্লিখিত সংজ্ঞা অনুযায়ী শিক্ষার্থী যে সহিংস অপরাধের শিকার হয়েছে সেই অভিযোগের তদন্ত তারা করবে কিনা। এনওয়াইপিডি একটি লিখিত নিশ্চয়তাও প্রদান করবে।[3]

d. এনওয়াইপিডি-র মৌখিক নিশ্চয়তা পাবার ২৪ ঘণ্টার মধ্যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই বরো ডিরেক্টর অব সাসপেনসন যিনি অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট(ওএসওয়াইড)-এর চিফ এক্সিকিউটিভ অফিসার(সিইও) হিশেবে দায়িত্ব পালন করেন তাকে অবহিত করবেন এবং সকল প্রাসঙ্গিক ঘটনা জানাবেন। সকল কাগজপত্র অবশ্যই (সাক্ষীর বক্তব্য, ঘটনার রিপোর্ট ইত্যাদি) বরো ডিরেক্টর অব সাসপেনসনের পর্যালোচনার জন্য প্রস্তুত থাকবে।

e. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির নোটিফিকেশন পাবার ২৪ ঘণ্টার মধ্যে, বরো ডিরেক্টর অব সাসপেনসনকে অবশ্যই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে শিক্ষার্থী স্কুল প্রাঙ্গণে সহিংস অপরাধের শিকার হয়েছে সেটি বিশ্বাস করার যথেষ্ঠ কারণ রয়েছে কিনা। এই সিদ্ধান্ত গ্রহণে বরো ডিরেক্টর অব সাসপেনসন অফিস অব লিগ্যাল সার্ভিসের সাথে পরামর্শ করতে পারেন। জেনে রাখুন, কোন শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে সেটি বিশ্বাসের কারণ নির্ধারণের জন্য অপরাধের শাস্তির বাধ্যবাধতা নেই।

f. বরো ডিরেক্টর অব সাসপেনশন যদি নির্ধারণ করেন যে, শিক্ষার্থী স্কুল প্রাঙ্গণে সহিংস অপরাধের শিকার হয়েছে, সেক্ষেত্রে শিক্ষার্থীর বদলির অধিকার থাকবে।

3. বরো ডিরেক্টর অব সাসপেনসন যদি নির্ধারণ করেন যে, স্কুল প্রাঙ্গণে শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে তা বিশ্বাস করার যথেষ্ঠ কারণ রয়েছে, তাহলে সেই শিক্ষার্থীর বদলি চাইবার অধিকার থাকবে। 3. শিক্ষার্থী স্কুল প্রাঙ্গণে সহিংস অপরাধের শিকার হয়েছে সেই বিশ্বাস নির্ধারণ এবং সেজন্যে তার বদলির অধিকার প্রতিষ্ঠিত হবার ২৪ ঘণ্টার মধ্যে, বরো ডিরেক্টর অব সাসপেনশন অবশ্যই লিখিতভাবে শিক্ষার্থীর পিতামাতাকে তার অন্য স্কুলে বদলির অধিকার সম্পর্কে জানাবে (1 নম্বর সংযুক্তটি দেখুন)। এই নোটিসের বিষয়টি [4] নির্ধারিত হবার পর অবশ্যই ব্যক্তিগতভাবে, এক্সপ্রেস ডাকে অথবা অন্য কোন একই ধরনের জরুরি ভিত্তিতে(যেমন ফ্যাক্স অথবা ইমেইলে)পাঠাতে হবে যাতে নোটিসটি যে পিতামাতা পেয়েছেন তা নিশ্চিত হওয়া যায়।

a. পিতামাতা বদলি বিকল্প গ্রহণ করতে আগ্রহী কিনা সেটি আলোচনার জন্য নোটিস পাবার পাঁচ দিনের মধ্যে পিতামাতা বরো ডিরেক্টর অব সাসপেনশনের কাছে অনুরোধ জানাতে পারেন।

b. পিতামাতা যদি পাঁচ দিনের মধ্যে উত্তর না দেন, বরো ডিরেক্টর অব সাসপেনশন অবশ্যই পিতামাতার সাথে যোগাযোগ করবেন।

c. পিতামাতা যদি বদলি নিতে আগ্রহী হন, বরো ডিরেক্টর অব সাসপেনশন অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্টের ("স্টুডেন্ট এনরোলমেন্টস্") এক্সিকিউটিভ ডিরেক্টরের সাথে পরামর্শ করে একটি বদলির স্কুলের প্রস্তাব করবেন। ডিস্ট্রিক্ট ৭৫ পাবলিক স্কুলসমূহের শিক্ষার্থীদের বেলায়, বরো ডিরেক্টর অব সাসপেনশন ডিস্ট্রিক্ট ৭৫-এর ডিরেক্টর অব প্লেসমেন্টের সাথে পরামর্শ করে পিতামাতাকে একটি বদলির স্কুলের প্রস্তাব দেবেন। যথাসম্ভব, শিক্ষার্থীকে এমন একটি স্কুলে

[3] শুধুমাত্র এই স্মারকে বর্ণিত উদ্দেশ্যেই এনওয়াইপিডি প্রদত্ত তথ্য ব্যবহার করা যেতে পারে।

[4] এই বিষয় সম্পর্কিত যেকোন চিঠি যতটা সম্ভব পিতামাতার নিজস্ব ভাষা অথবা তাদের সাথে যোগাযোগের সম্ভাব্য যে ব্যবস্থা রয়েছে সেটি ব্যবহারের মাধ্যমে করতে হবে। ঐসব ক্ষেত্রে যদি সম্ভব হয়, পিতামাতার নিজস্ব ভাষা অথবা তাদের সুবিধাজনক যোগাযোগের ভাষার মাধ্যমে চিঠির পূর্ণ অনুবাদ চিঠির সাথে সংযুক্ত করে দেয়া বাঞ্চনীয় অথবা সেখানে উল্লেখ করাও যেতে পারে "সংযুক্ত চিঠিতে আপনার সন্তান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। অনুগ্রহ করে দ্রুত অনুবাদ করিয়ে নিতে পারেন।"

বদলি দেয়া হবে যে স্কুলটি নো চাইল্ড লেফট্ বিহাইন্ড আইনের অধীনে প্রতি বছর পর্যাপ্ত অগ্রগতি সাধন করছে এবং যেটি উন্নতি আবশ্যক, সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ অথবা নতুন করে গড়ার প্রক্রিয়াধীন নয়।

d. শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে এমন বিশ্বাস প্রতিষ্ঠিত হবার দশ ক্যালেন্ডার দিবসের মধ্যে বরো ডিরেক্টর অব সাসপেনশন অবশ্যই পিতামাতাকে বদলি স্কুলটি সম্পর্কে অবহিত করবেন (সংযুক্তি নম্বর ২ দেখুন).

পিতামাতার সম্মতি লাভের পর বরো ডিরেক্টর অব সাসপেনশন বদলির স্কুলকেও অবশ্যই জানাবে যে, শিক্ষার্থী ঐ স্কুলে বদলি হচ্ছে।

e. বিদ্যমান নীতি এবং বিধি অনুযায়ী বদলি পাওয়া শিক্ষার্থীদেরকে অবশ্যই পরিবহন সুবিধা প্রদান করা হবে।

f. যদিও শিক্ষার্থীর পিতামাতাকে বদলির সুযোগ অবশ্যই প্রদান করা হবে, কিন্তু ইচ্ছা করলে শিক্ষার্থী তার বর্তমান স্কুলেও থাকতে পারে।

বরো ডিরেক্টর অব সাসপেনসন যদি নির্ধারণ করেন যে, স্কুল প্রাঙ্গণে শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার হয়েছে তা বিশ্বাস করার যথেষ্ঠ কারণ রয়েছে, তাহলে সেই শিক্ষার্থীর বদলি চাইবার অধিকার থাকবে।

4. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি এবং বরো ডিরেক্টর অব সাসপেনশন অবশ্যই তাদের সাথে আইন প্রয়োগকারী যেসব কর্মকর্তার আলোচনা হয়েছে সেসব বিষয়ের যথাযথ কাগজপত্র, পিতামাতার নোটিফিকেশন, পুলিশ রিপোর্ট সংরক্ষণ করবেন।

III. C. **<u>অন্য সুরক্ষাজনিত বদলি:</u>**

A. স্কুল প্রাঙ্গণে শিক্ষার্থী সহিংস অপরাধের শিকার না হয়েও সুরক্ষাজনিত বদলি পেতে পারে, যদি কোন শিক্ষার্থীর পিতামাতা বদলির অনুরোধ জানায় এবং নির্ধারিত হয় যে, স্কুলে শিক্ষার্থীর অব্যাহত উপস্থিতি শিক্ষার্থীর জন্য অনিরাপদ। স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অব বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে পরামর্শ করে এই সিদ্ধান্ত গ্রহণ করবেন। ডিস্ট্রিক্ট ৭৫ পাবলিক স্কুল শিক্ষার্থীদের বেলায়, ডিস্ট্রিক্ট ৭৫-এর ডিরেক্টর অব প্লেসমেন্ট ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে পরামর্শ করে এই সিদ্ধান্ত নেবেন।

B. এই অনুরোধ যদি স্কুল-সংক্রান্ত সুরক্ষার ঘটনা হয়, সেক্ষেত্রে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই একটি পূর্ণ তদন্ত করা হয়েছে সে বিষয়টি নিশ্চিত এবং ঘটনার রিপোর্ট তৈরি করবেন, সংশ্লিষ্ট পক্ষগুলোর বক্তব্য নেবেন এবং সাক্ষী জোগাড় করবেন, এবং চ্যান্সেলরের প্রবিধান A-412 এবং A-443 অনুযায়ী শৃঙ্খলাভঙ্গের কারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। ঘটনা যদি ফৌজদারি প্রকৃতির হয়, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি পিতামাতার কাছে পুলিশ রিপোর্টের কপি চাইবেন। অনুরোধ মূল্যায়নে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি তদন্তের ফলাফল এবং সকল সহায়ক নথিপত্র পর্যালোচনা করবেন।

C. পিতামাতার কাছ থেকে সুরক্ষাজনিত বদলির অনুরোধ এবং সকল সহায়ক কাগজপত্র পাবার ৪৮ ঘন্টার মধ্যে, প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর ফর বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কাছে অবশ্যই এই মর্মে একটি অনুমোদন দেবেন যে, তিনি বিশ্বাস করেন বদলির প্রয়োজন আছে(সংযুক্তি নম্বর 4 দেখুন)। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিচে উল্লিখিত নথিপত্রসমূহ স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অব বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে প্রদান করবেন।

1. সুরক্ষাজনিত বদলির ভর্তি ফরম(সংযুক্তি নম্বর 3 দেখুন);
2. তদন্তের সারাংশ(সংযুক্তি নম্বর 4 দেখুন)
3. ঘটনার স্কুল রিপোর্টের কপি; এবং
4. পুলিশ রিপোর্টের কপি।

D. প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির অনুমোদন এবং অন্য নথিপত্র পাবার এক সপ্তাহের মধ্যে, স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অব বরো এনরোলমেন্ট/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বরো সেফটি

ডিরেক্টর যিনি অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট(ওএসওয়াইডি)-এর চিফ এক্সিকিউটিভ অফিসারের দায়িত্বেও কাজ করেন তার সাথে পরামর্শ করে অবশ্যই নির্ধারণ করবেন সুরক্ষা বদলির অনুমোদন দেয়া যাবে কিনা এবং সিদ্ধান্তটি লিখিতভাবে পিতামাতাকে জানাবেন।

ডিস্ট্রিক্ট ৭৫ পাবলিক স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে, ডিস্ট্রিক্ট ৭৫-এর ডিরেক্টর অব প্লেসমেন্ট অবশ্যই নির্ধারণ করবেন সুরক্ষা বদলির অনুমোদন দেয়া যাবে কিনা এবং তেমন সিদ্ধান্ত হলে অবশ্যই পিতামাতাকে লিখিতভাবে তা জানাবেন। যদি বদলির অনুরোধ অনুমোদিত হয়, লিখিত নোটিফিকেশন অবশ্যই: 1) যে স্কুলে শিক্ষার্থীকে বদলির প্রস্তাব দেয়া হয়েছে সেটি সম্পর্কে পিতামাতাকে উপদেশ প্রদান করবে; এবং 2) বদলিকৃত স্কুলে শিক্ষার্থীকে যে পাঠানো হচ্ছে সে বিষয়টি জানাবে।

IV. <u>বদলির কাগজপত্র</u>

যখন সুরক্ষা বদলি অনুমোদিত হয়, প্রেরক স্কুল অবশ্যই স্টুডেন্ট এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর অব বরো এনরোলমেন্টকে নিচে উল্লিখিত নথিপত্র প্রদান করবে যাতে বদলিকৃত স্কুলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সহজ হয়:

A. ইম্যুনাইজেশনের রেকর্ড;

B. ট্র্যান্সক্রিপ্ট এবং/অথবা বর্তমান রিপোর্ট কার্ড;

C. শিক্ষার্থীর কর্মসূচির কার্ডের কপি; এবং

D. ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম(আইইপি)(যদি প্রযোজ্য হয় এবং থাকে)

E. §504 সুবিধা পরিকল্পনা, যদি প্রযোজ্য হয়

V. <u>অনুসন্ধান</u>

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

<u>নো চাইল্ড লেফট বিহাইন্ড বদলির জন্য:</u>

<u>ফোন</u>:		<u>ফ্যাক্স</u>:
212-374-6784	*Office of School and Youth Development* N.Y.C. Department of Education 52 CHAMBERS STREET New York, NY 10007	212-374-5751

<u>C. অন্য সুরক্ষাজনিত বদলি:</u>

<u>ফোন</u>:		<u>ফ্যাক্স</u>:
212-374-2363	*অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট* N.Y.C. Department of Education 52 CHAMBERS STREET New York, NY 10007	212-374-5568

NYC Department of Education

শিক্ষার্থীকে অন্য পাবলিক স্কুলে বদলির অধিকার সম্পর্কিত চিঠি

প্রিয় ______________________:

অনুগ্রহ করে জেনে রাখুন যে, আপনার সন্তান স্কুল প্রাঙ্গণে একটি সহিংস অপরাধের শিকার হয়েছে সেটি বিশ্বাসযোগ্য। নো চাইল্ড লেফট বিহাইন্ড আইন অনুযায়ী, সে স্কুল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যথাযথ অন্য একটি স্কুলে সুরক্ষা বদলি লাভের যোগ্য। আপনি যদি বদলি নিতে আগ্রহী হন, আপনাকে অবশ্যই এই নোটিস পাবার পাঁচ দিনের মধ্যে ________________________-তে আমার সাথে যোগাযোগ করতে হবে। আপনি আপনার সন্তানকে তার বর্তমান স্কুলেও রাখতে পারেন। যেকোন প্রশ্নের উত্তরের জন্য অনুগ্রহ করে আমার সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

আপনার বিশ্বস্ত,

সাসপেনশন ডিরেক্টর

C. প্রিন্সিপ্যাল
এনরোলমেন্ট ডিরেক্টর

বদলির স্কুল নির্ধারণের চিঠি

প্রিয় ______________________:

অনুগ্রহ করে জেনে রাখুন আপনার সুরক্ষাজনিত বদলির অনুরোধ অনুযায়ী, আপনার সন্তানকে __________________________________ স্কুলে বদলি করা হয়েছে যা কার্যকরী হবে_________________ তারিখ থেকে। আপনি যে বদলিটি গ্রহণ করেছেন বা আপনার সন্তান তার বর্তমান স্কুলেই থাকবে বলে যদি সিদ্ধান্ত নিয়ে থাকেন সেটি নিশ্চিত করতে অনুগ্রহ করে অতিসত্বর আমার সাথে যোগাযোগ করুন কিন্তু তা যেন দুই স্কুল দিবসের পরে না হয়। আপনি যদি নতুন স্কুলটিতে আপনার সন্তানকে দিতে আগ্রহী হন, তাহলে আমি আপনাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করবো যাতে তার ঐ স্কুলে রেজিস্ট্রেশন দ্রুত হয়।

আপনার বিশ্বস্ত,

ডিরেক্টর অব সাসপেনশন

C. প্রিন্সিপ্যাল (প্রেরক স্কুল)
প্রিন্সিপ্যাল (গ্রহণকারী স্কুল)

NYC Department of Education

সেফটি ট্রান্সফার ইনটেক ফরম (নিরাপত্তাজনিত কারণে বদলির পূরণকৃত ফরম)

এই ফরমটি শুধুমাত্র সকল সুরক্ষাজনিত বদলির অনুরোধে ব্যবহৃত হবে। অসম্পূর্ণ অনুরোধের ফরম প্রক্রিয়াকরণ হবে না এবং তা আপনার কাছে ফেরত পাঠানো হবে।

শিক্ষার্থীর নাম ______________________ তারিখ ______________

শিক্ষার্থীর আইডি# ______________ গ্রেড স্তর ________ জন্মের তারিখ ______________

পিতামাতা/অভিভাবকের নাম ______________________ ফোন ______________

ঠিকানা (বাড়ির #, স্ট্রিট, অ্যাপ্ট # , বরো, এবং জিপ), ______________________

____

****

স্কুল ____

সাধারণ শিক্ষা অথবা স্পেশাল এডুকেশন (একটি বৃত্তবদ্ধ করুন)

গ্রেড স্তর ____________ ক্রেডিটের সংখ্যা ______________

অনুপস্থিতি ____________ দেরিতে উপস্থিত ______________

বিশেষ কর্মসূচি/মেজর ______________ ইএসএল: হ্যাঁ অথবা না (একটি বৃত্তবদ্ধ করুন)

আগে যে স্কুলগুলোতে পড়েছে ______________ তারিখ(সমূহ) ______________

______________ তারিখ(সমূহ) ______________

ডিনের রেকর্ড

❒ নেই
❒ প্রিন্সিপ্যালে সাসপেনশন/তারিখ ______________
❒ শিক্ষকদের রিরুদ্ধে কর্মকাণ্ড করো
❒ সুপারিনটেনডেন্টের সাসপেনশন/তারিখ ______________
❒ ক্লাসরুমে ব্যাঘাতসৃষ্টি
❒ অন্য ______________
❒ ড্রাগ সংক্রান্ত
❒ উপস্থিতি/ক্লাস পালানো
❒ শিক্ষার্থীদের বিরুদ্ধে কর্মকাণ্ড

যে ব্যক্তি পূরণ করেছেন ______________________________

****

ENROLLMENT OFFICE USE ONLY

Approved ______________________ Date ______________

Placement ______________________ Effective Date ______________

Denied ______________________ Date ______________

Comments ____

C.______________________ AP ______________________

Sending School

______________________ AP ______________________

Sending School

NYC Department of Education

সেফটি ট্রান্সফার সামারি অব ইনভেস্টিগেশন ফরম

শিক্ষার্থীর নাম ______________________________ তারিখ ______________________

শিক্ষার্থীর আইডি# ____________________ গ্রেড স্তর __________ জন্মের তারিখ ______________________

সুরক্ষাজনিত বদলির অনুরোধের কারণ(সমূহ) – (নির্দিষ্টভাবে বিস্তারিত দিন) ______________________

____

____

ঘটনায়(সমূহে)জড়িত সকল ব্যক্তির পরিচয় উল্লেখ করুন প্রতিটি নামের পাশে অভিযুক্ত লিখুন: **S**(অভিযুক্ত), **V**(ঘটনার শিকার), **W**(সাক্ষী), **O**(অন্য)

____

____

____

কে তদন্ত পরিচালনা করেছে? ______________________________________

বিবৃতি নেয়া হয়েছে কি? ❒ হ্যাঁ ❒ না

উত্তর হ্যাঁ হলে, কার কাছ থেকে?(সকল ব্যক্তির পরিচয় নিন এবং বিবৃতি সংযুক্ত করুন, যদি তারা লভ্য হয়)______________

____

কার ইন্টারভিউ নেয়া হয়েছে? (সকল ব্যক্তির পরিচয় নিন) ______________________________

____

অনুগ্রহ করে নিচে তদন্তের ফলাফলের সার-সংক্ষেপ উল্লেখ করুন

____

____

____

____

ঘটনা(গুলি) সংঘটিত করার জন্য অভিযুক্ত শিক্ষার্থী(দের) বিরুদ্ধে সাসপেনশনসহ কী ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে?

____

____

____

প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কি কোন বৈঠকের ব্যবস্থা করেছেন? ❒ হ্যাঁ ❒ না

সুরক্ষা বদলির অনুরোধের সমর্থনে আপনার হাতে কী কী ডকুমেন্ট আছে?

__________ পুলিশ রিপোর্ট(অভিযোগ#, ঘটনার#, সহায়ক রিপোর্ট# উল্লেখ করুন) ______________________

__________ ডিপার্টমেন্ট অব এডুকেশনের ঘটনার রিপোর্ট(#উল্লেখ করুন) ______________________

__________ বিবৃতি

__________অন্যান্য(দয়া করে উল্লেখ করুন) ______________________________

গাইডেন্স কাউন্সেলর/ডিনের নাম যিনি সুরক্ষা বদলির অনুরোধ সম্পর্কিত শিক্ষার্থীকে ইন্টারভিউ করেছেন।

____

পূর্ণ তদন্তের পর, আমাদের বিশ্বাস সুরক্ষা বদলি আবশ্যিক।

______________________________ ______________________________

প্রিন্সিপ্যালের স্বাক্ষর **অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালের স্বাক্ষর**